

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৫৫

পর্ব-৯: দু'আ (তা وكتاب الدعوات)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

وَعَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا دَعَا فَرفع يَدَيْهِ مَسَحَ وَجْهَهُ بِيَدَيْهِ رَوَى الْبَيْهَقِيُّ الْأَحَادِيثَ التَّلَاثَة فِي «الدَّعْوَات الْكَبِير»

বাংলা

২২৫৫-[৩৩] সায়িব ইবনু ইয়াযীদ হতে বর্ণিত। তিনি তাঁর পিতা হতে বর্ণনা করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত উঠিয়ে দু'আ করার সময় হাত দিয়ে মুখমণ্ডল ে মাসাহ করতেন।

উপরোল্লিখিত তিনটি হাদীস ইমাম বায়হাকী (রহঃ) তাঁর ''দা'ওয়াতুল কাবীর''-এ বর্ণনা করেছেন।[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৪৯২, আহমাদ ১৭৯৪৩, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৩১, আদ্ দা'ওয়াতুল কাবীর ৩১০, য'ঈফ আল জামি' ৪৩৯৯। কারণ এর সানাদে হাফস্ ইবনু হাশিম একজন মাজহূল রাবী। আর ইবনু লাহ্ই'আহ্ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَسْحَ وَجْهَه بِيَدَيْهِ) ইবনু হাজার (রহ্ঃ) বলেনঃ এ অংশটি إِذَا শতেঁর জওয়াব। তবে সঠিক হলো এ অংশটি كَانَ -এর খবর। আর اِذَا হলো نَاكَ -এর খবর।

'আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ এ হাদীসটি প্রমাণ করছে যখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'আর ক্ষেত্রে হাত তুলতেন না তখন হাত মুছতেনও না। কেননা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে, বায়তুল্লাহ



ত্বওয়াফে, ফরয সালাতের শেষে, ঘুমের সময়, খাওয়ার পরে ইত্যাদি সময়ে বেশী বেশী দু'আ করেছেন। কিন্তু হাত তুলেননি হাত মুখে মাসেহও করেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন